

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৮১

১/ বিবিধ

আরবী

أكل الشمر أمان من القولنج

موضوع

رواه أبو نعيم الأصبهاني في " الطب " (ق 139 / 1) من طريق أبي نصر أحمد بن محمد، حدثنا موسى بن إبراهيم عن إبراهيم بن أبي يحيى عن صالح مولى التوأمة عن أبي هريرة مرفوعا

قلت: وهذا موضوع وعلته إبراهيم بن أبي يحيى وهو الأسلمي مولاهم أبو إسحاق المدني وهو كذاب، صرح بتكذيبه جماعات من الأئمة، منهم يحيى بن سعيد وابن معين وابن المديني وابن حبان وغيرهم، ومع هذا فقد روى عنه الشافعي واحتج به وقد أنكر ذلك عليه إسحاق بن راهويه كما رواه ابن أبي حاتم في " آداب الشافعي " (ص 178) ، وقد قال ابن أبي حاتم في مكان آخر منه (223)

لم يتبين للشافعي أنه كان يكذب، وقال البزار: كان يضع الحديث، وكان يوضع له مسائل فيضع لها إسنادا وكان قدريا وهو من أستاذي الشافعي، وعز علينا قلت: واللذان دونه لم أعرفهما، وصالح مولى التوأمة ضعيف ثم بدا لي أنه يحتمل أن يكون موسى بن إبراهيم هو أبو عمران المروزي فإن يكن هو فهو متهم أيضا

বাংলা

৪৮১। উদ্ভিত বিশেষ খাওয়া নিরাপত্তা দেয় কুলোন্জ রোগ হতে।

হাদীসটি জাল।

এটি আবু নুয়াইম আসবাহানী “আত-তিব্ব” গ্রন্থে (কাফ ১৩৯/১) আবু নাসর আহমাদ ইবনু মুহাম্মাদ সূত্রে মুসা ইবনু ইব্রাহীম হতে এবং তিনি ইবরাহীম ইবনু আবী ইয়াহইয়া হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটি জাল। কারণ ইবরাহীম ইবনু আবী ইয়াহইয়া হচ্ছেন আসলামী, তিনি মিথ্যুক। তাকে একদল ইমাম স্পষ্টভাবে মিথ্যুক আখ্যা দিয়েছেন, যেমন ইয়াহইয়া ইবনু সাঈদ, ইবনু মাঈন, ইবনুল মাদীনী, ইবনু হিব্বান ও আরো অনেকে। তা সত্ত্বেও ইমাম শাফেঈ তার থেকে বর্ণনা করেছেন এবং তার দ্বারা দলীল গ্রহণ করেছেন। ইসহাক ইবনু রাহওয়াই তা ইনকার করেছেন, যেমনভাবে ইবনু আবী হাতিম “আদাবুশ শাফেঈ” গ্রন্থে (পৃ. ১৭৮) বর্ণনা করেছেন। ইবনু আবী হাতিম অন্য একস্থানে বলেন (২২৩) শাফেঈর নিকট স্পষ্ট হয়নি যে, তিনি মিথ্যা বলতেন।

বাযযার বলেনঃ তিনি হাদীস জাল করতেন। তার জন্য মাসআলা জাল করা হত আর তিনি তার জন্য সনদ জাল করতেন। তিনি ছিলেন কাদরিয়া...।

আমি (আলবানী) বলছিঃ তার নিচের দু’ বর্ণনাকারীকে আমি চিনি না এবং সালেহ মাওলা তুয়ামা দুর্বল। অতঃপর আমার নিকট স্পষ্ট হয়েছে যে, হতে পারে মুসা ইবনু ইবরাহীম হচ্ছেন আবু ইমরান মারওয়ায়ী। তা যদি হয় তাহলে তিনিও মিথ্যার দোষে দোষী।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68066>

📖 হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন